



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০।  
ক্রেডিট বিভাগ



সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেডিটবিঃ(শাখা-১)/বাঃব্যাঃবিঃপরিঃ/০৬(২০১৯)/প্রকা/২০১৯-২০২০/১১৮৮(১২০০)

তারিখঃ ৩১/০৫/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।  
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।  
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ৩০/০৬/২০১৯ তারিখ স্থিতি ভিত্তিক বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংক এর উপর  
প্রণীত ৩৩তম বিশদ পরিদর্শন প্রতিবেদন এর পরিপালন জবাব বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ৩০/০৬/২০১৯ তারিখ স্থিতি ভিত্তিক বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৩৩তম বিশদ পরিদর্শন প্রতিবেদনে সিআইবি রিপোর্ট ব্যতীত ঋণ প্রদানের বিষয়ে উত্থাপিত আপত্তির পরিপালন জবাব বিগত ২৩/০৩/২০২০ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৭৬৪তম সভায় উপস্থাপন করা হলে পরিচালনা পর্ষদ কর্তৃক নিম্নবর্ণিত নির্দেশনা জারী করার সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ

“ বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন প্রতিবেদনে সিআইবি রিপোর্ট ব্যতীত ঋণ প্রদানের বিষয়ে যে আপত্তি উত্থাপিত হয়েছে ভবিষ্যতে এ ধরনের ভুলের পুনরাবৃত্তি রোধকল্পে অবিলম্বে মাঠ পর্যায়ে এ বিষয়ে কঠোর নির্দেশনা প্রদান করতে হবে এবং সিআইবি রিপোর্ট সংশ্লিষ্ট ঋণ নথিতে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।”

০৩। উল্লেখ্য যে, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর ০৩ ডিসেম্বর, ২০১৮ তারিখের এসিডি সার্কুলার লেটার নং-০২ মোতাবেক ০১ টাকা হতে যে কোন অংকের সকল বকেয়া শস্য ও ফসল ঋণের ক্ষেত্রে অবিলম্বে সিআইবিতে রিপোর্ট করতে হবে। তবে নতুন মঞ্জুরী বা নবায়নের জন্য ২.৫০ লক্ষ টাকা পর্যন্ত শস্য ও ফসল ঋণের ক্ষেত্রে সিআইবি রিপোর্ট সংগ্রহের প্রয়োজন হবে না।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর ০৩ ডিসেম্বর, ২০১৮ তারিখের এসিডি সার্কুলার লেটার নং-০২ এ বর্ণিত নির্দেশনা এবং বাংলাদেশ কৃষি ব্যাংক, পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রয়োজ্যতা অনুযায়ী সিআইবি রিপোর্ট সংগ্রহ ব্যতিরেকে কোন ঋণ গ্রহীতাকে ঋণ সুবিধা প্রদান করা যাবে না। নতুন ঋণ মঞ্জুরি বা নবায়নের ক্ষেত্রে অবশ্যই নিয়মানুযায়ী সিআইবি প্রতিবেদন সংগ্রহ করে সংশ্লিষ্ট ঋণ নথিতে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

ফোনঃ ৯৫৫০৪০৩


চলমান পাতা-০২

বিষয় : ৩০/০৬/২০১৯ তারিখ স্থিতি ভিত্তিক বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংক এর উপর  
প্রণীত ৩৩তম বিশদ পরিদর্শন প্রতিবেদন এর পরিপালন জবাব বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রঃবিঃ(শাখা-১)/বাঃব্যাঃবিঃপরিঃ/০৬(২০১৯)/প্রকা/২০১৯-২০২০/১১৮৮(১২০০) তারিখঃ ৩১/০৫/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৯। নথি / মহানথি।

  
(আঞ্জিঙ্গুল হক)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা